

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

অফিস আদেশ

নথি নং- ১৭(৩) শৃংখলাঃ ও বাঃ/২০১৩/১৪৩

তারিখ ২২ এপ্রিল, ২০২০ খ্রিঃ।

বিষয়: আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ১৭(৩) শৃংখলাঃ ও বাঃ/২০১৩/১৪০ তারিখ ০৭ এপ্রিল, ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, দেশের অভ্যন্তরীণ সরবরাহ-শৃঙ্খল স্বাভাবিক রাখার স্বার্থে আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহে স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ইতোপূর্বে জারিকৃত সূত্রে বর্ণিত আদেশ বাতিল করা হলো। উল্লেখ্য, দাপ্তরিক কার্যক্রম পরিচালনার সময় করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের ঝুঁকি এড়াতে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুসরণপূর্বক যথাযথ প্রতিরক্ষামূলক ব্যবস্থা গ্রহণের এবং সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২২/০৪/২০২০

মোহাম্মদ মেহরাজ-উল-আলাম সন্ত্রাট

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/আইসিডি, কমলাপুর/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/পানগাঁও।
- ৭-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম/ঢাকা/উত্তর)/ চট্টগ্রাম/যশোর/খুলনা/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/রংপুর।
- ১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ১৮। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সদস্য (কাস্টমস: সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম/মোংলা।
- ০৩। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা-১২১৫।
- ০৪। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, মতিঝিল, ঢাকা।
- ০৫। পি এস টু মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় নজরে আনার জন্য)।
- ০৬। প্রথম সচিব (কাস্টমস: সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৭। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় নজরে আনার জন্য)।
- ০৮। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।